দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ...07 NOV 1988...
পৃষ্ঠা ...5... কলাম 7...

25
C41

# কলেজে ভর্তির সমস্যা

আমাদের দেশে উচ্চ মাধ্যমিক পর্যায়ে কলেজগামী ছাত্রছাত্রীর সংখ্যা যে হারে বৃদ্ধি পাচ্ছে সে তুলনায় ভালো কলেজের সংখ্যা অত্যন্ত সীমিত। ফলে প্রতি বছর ভর্তি সমস্যা লেগেই থাকে। ছাত্রছাত্রীদের সব সময় প্রচেষ্টা থাকে ভালো কলেজে ভর্তি হয়ে অধ্যয়ন করার। এ কারণে তাঁরা নামকরা সরকারী কলেজগুলিতে গিয়ে ভীড় জমায় কিন্তু শুধু সরকারীই নয় ভালো বেসরকারী কলেজগুলোতেও সীমিত আসনের সমস্যা। এই সমস্যা সমাধানের জন্য আমরা মনে করি সরকারী কলেজগুলোর আসন সংখ্যা অবশ্যই বাড়ানো উচিৎ। তাছাড়া প্রত্যেকটি সরকারী এবং বেসরকারী কলেজে দুটো শিফট চালু করা হলেও সমস্যার অনেকটা নিরসন হতে পারে। এব্যাপারে আমাদের তৎপর হওয়া উচিৎ। আমরা প্রতিবছর এই ভর্তি সমস্যাকে স্বাভাবিকভাবে মেনে নিতে পারি না। অব্যাহতভাবে এ সমস্যা চলতে থাকলে ভবিষ্যতে আমাদের শিক্ষা মন্ত্রণালয়ের ক্ষেত্র সংকুচিত হয়ে আসতে পারে।

তাই ভর্তি সমস্যাকে জাতীয় সমস্যা হিসাবে বিবেচনা করে শিক্ষা মন্ত্রণালয়ের উচিত যথোপযুক্ত পদক্ষেপ গ্রহণ করা, মন্ত্রণালয় তা করবেন এটাই প্রত্যাশা।

—মোঃ আশরাফউদ্দিন
২৬ নং নূর ফাতা লেন
লালবাগ ঢাকা ১২১১।